

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৬৩১

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (کتاب النوافل) পরিচ্ছেদঃ ১১) কিয়ামুল্লায়ল (রাতে নফল নামায পড়া) করার প্রতি উদ্বন্ধকরণ

الترغيب في قيام الليل

আরবী

(حسن لغيره) وَعَنْ عقبة بن عامر رَضِيَ اللَّهُ عَنْهُ قالَ سَمِعْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ عَلَيْهِ وَسَلَّمَ يقول: رَجُلاَنِ مِنْ أُمَّتِي ، يَقُومُ مِنَ اللَّيْلَ ، يُعَالِجُ نَفْسَهُ إِلَى الطَّهُورِ ، وَعَلَيْهِ عُقَدٌ ، مُ اللَّيْلَ ، يُعَالِجُ نَفْسَهُ إِلَى الطَّهُورِ ، وَعَلَيْهِ عُقَدٌ ، مُ اللَّهُ انْحَلَّتْ عُقْدَةٌ ، وَإِذَا وَضَاً وَجْهَهُ انْحَلَّتْ عُقْدَةٌ ، وَإِذَا مَسَحَ رَأْسِهِ انْحَلَّتْ عُقْدَةٌ ، وَإِذَا وَضَاً رِجْلَيْهِ انْحَلَّتْ عُقْدَةٌ ، فَيَقُولُ اللَّهُ ، عَنَّ وَجَلَّ ، لِلَّذِينَ وَرَاءَ الْحِجَابِ : انْظُرُوا إِلَى عَبْدِي هَذَا يُعَالِجُ نَفْسَهُ ، يَسْأَلُنِي ، مَاسَأَلَنِي عَبْدِي هَذَا ، فَهُو لَهُ أَنْ رُواه أحمد وابن حبان في صحيحه واللفظ له

বাংলা

৬৩১. (হাসান লি গাইরিহী) উক্ববা বিন আমের (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে একথা বলতে শুনেছিঃ ''আমার উম্মতের মধ্যে একজন লোক রাতে নিদ্রা থেকে উঠে পবিত্রতা অর্জনের মাধ্যমে নিজের চিকিৎসা করে। কেননা তার উপর অনেকগুলো গিরা দেয়া থাকে। যখন সে দু'হাত ধৌত করে একটি গিরা খুলে যায়। যখন মুখ ধৌত করে আরেকটি গিরা খুলে যায়। যখন মাথা মাসেহ করে আরেকটি গিরা খুলে যায়। যখন দু'পা ধৌত করে আরেকটি গিরা খুলে যায়। তখন যারা পর্দার অন্তরালে আছে তাদেরকে (ফেরেশতাদেরকে) ডেকে মহিমাম্বিত আল্লাহ্ বলেনঃ আমার এই বান্দাকে দেখো কিভাবে নিজের চিকিৎসা করছে। আমার কাছে প্রার্থনা করছে। এ বান্দা আমার কাছে যা চাইবে সেটাই তার জন্য করে দিব।''

(আহমাদ ৪/১৫৬ ও ইবনে হিব্বান ২৫৪৬। হাদীছের বাক্য ইবনে হিব্বানের)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন